# বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়
## উদ্যান বিজ্ঞান অনুষদ
## মোহনপুর, নদীয়া

তারিখঃ ০৩-০২-২০২০

Tender Notice No. **F.Hort./304**
Dated: 03-02-2020

## টেন্ডার নোটিশ

**বিষয়ঃ- বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের উদ্যান বিজ্ঞান অনুষদের অধীনস্ত মন্ডৌরী হর্টিকালচার ফার্মের লিচুবাগানের আগামী মরসুমের (২০২০ সালের) ফলের জন্য নীলামের বিজ্ঞপ্তি।**

১। দরপত্র নির্দিষ্ট ফর্মে জমা দিতে হইবে। নির্দিষ্ট ফর্ম মন্ডৌরী হর্টিকালচার ফার্ম, এবং জাগুলী হর্টিকালচার ফার্ম- এর অফিস হইতে, বিশ্ববিদ্যালয়ের কাজের দিনগুলিতে সকাল ৮টা হইতে দুপুর ১১টার মধ্যে পাওয়া যাইবে। **প্রতিটি নির্দিষ্ট ফর্মের বিক্রয়মূল্য ৫০০/- (পাঁচ শত) টাকা মাত্র।**ফর্মের ফটো কপি বা অন্য কোন কপি গ্রাহ্য করা হইবে না। **২৮-০১-২০২০ তারিখের পূর্বে যেসব ফর্ম বিক্রীত হইয়াছে, কিন্তু ক্রেতাগন সেগুলির মাধ্যমে ইতিমধ্যে নিয়মানুযায়ী আবেদন করেননি, সেইসব ফর্ম বাতিল বলিয়া গন্য করা হইবে । ফর্ম হস্তান্তরযোগ্য নয়।, যে ব্যক্তি ফর্ম ক্রয় করিবেন সেই ব্যক্তি নিজে আবেদন করিবেন। ফর্ম কেনার সময় যে DCR দেওয়া হইবে তার Xerox copy ফর্ম জমা দেওয়ার সময় ফর্ম এর সাথে যুক্ত করিয়া দিতে হইবে।**

২। আবেদনকারীকে ফর্ম সম্পূর্ণভাবে এবং পরিষ্কারভাবে ভর্তি করিতে হইবে। অসম্পূর্ণ আবেদনপত্র গ্রহন করা হইবে না। ফর্ম মুখবন্ধ এবং সীল করা খামে জমা দিতে হইবে **Registered Post** অথবা **Speed Post- এর মাধ্যমে। খামের উপরিভাগে দরপত্রকারীকে সংশ্লিষ্ট টেন্ডার নোটিশ নং উল্লেখ করিয়া দিতে হইবে।** ডাক বিভাগের কোনরূপ বিলম্বের জন্য কর্তৃপক্ষ দায়ী থাকিবেন না। **এছাড়াও দরপত্র হর্টিকালচার ডিন অফিসে রক্ষিত ড্রপবক্সে ফেলা যাইবে।**

৩। বিভাগীয় সর্বনিম্ন মূল্যের নীচের কোন দর গ্রাহ্য করা হইবে না এবং সেক্ষেত্রে কর্তৃপক্ষ ফেরতযোগ্য Earnest money বাজেয়াপ্ত করিতে পারেন।

৪। সর্বদা কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গন্য করা হইবে এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের তা মানিয়া নিতে হইবে

৫। **দরপত্রের সহিত ৯,৩৭৫/- (নয় হাজার তিনশত পঁচাত্তর)** টাকা মাত্র ফেরতযোগ্য Earnest money **"Bidhan Chandra Krishi Viswavidyalaya"**-এর অনুকূলে জমা দিতে হইবে, যেকোন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক হইতে কাটা **A/c Payee Demand Draft**- এর মাধ্যমে, **Payable at S.B.I, Kalyani Branch (IFSC-SBIN0001082)** অথবা **U.B.I, BCKVV Branch (IFSC-UTBI0BCKC16)** । প্রয়োজনীয় EARNEST MONEY যথাযথ আকারে না থাকিলে দরপত্র সরাসরি বাতিল করা হইবে। **মনোনীত ব্যক্তিকে ফেরতযোগ্য সিকিউরিটি ডিপোজিট হিসাবে ৩৭৫০০/- (সাঁইত্রিশ হাজার পাঁচশত) টাকা মাত্র জমা করিতে হইবে। সেক্ষেত্রে তার** Earnest money **ফেরতযোগ্য সিকিউরিটি ডিপোজিট -এ রুপান্তরিত হয়ে যাবে এবং মনোনীত ব্যক্তিকে ২৮১২৫/- (আঠাশ হাজার একশত পঁচিশ) টাকা জমা করিতে হইবে। মনোনীত ব্যক্তিকে ফেরৎযোগ্য সিকিউরিটি ডিপোজিট এবং আবেদন পত্রে উল্লিক্ষত দরের টাকা আলাদাভাবে "Bidhan Chandra Krishi ViswaVidyalaya"- এর অনুকুলে দুইটি A/C Payee Demand Draft, payable at S.B.I , Kalyani Branch (IFSC-SBIN0001082) অথবা U.B.I, BCKVV Branch (IFSC-UTBI0BCKC16) - এর মাধ্যমে জমা করিতে হইবে।** মনোনীত ব্যক্তির ফেরতযোগ্য সিকিউরিটি ডিপোজিট **লিচু** গাছগুলি কর্তৃপক্ষকে হস্তান্তর করিবার পর, সংশ্লিষ্ট ফার্ম-ইন-চার্জের শংসাপত্রের ভিত্তিতে ফেরত দেওয়া হইবে। এ ব্যাপারে কোনরকম সুদ পাওয়া যাইবে না।

৬। দরপত্রকারীদের সর্বোচ্চ দর পরিষ্কারভাবে কথায় এবং সংখ্যায় ফর্মে উল্লেখ করিতে হইবে। উল্লিখিত দরের উপর কোন কাটাকাটি (**Over writing**) চলিবে না। ফর্মে দরপত্রকারীর **PAN** এবং **Phone No.** নম্বর উল্লেখ করা আবশ্যিক।

৭। মনোনীত দরপত্রকারীকে লিখিত পত্রে উল্লিখিত সময়ের মধ্যে তাঁহার দরপত্রে উল্লিখিত দরের সমস্ত টাকা এবং সিকিউরিটি ডিপোজিট একসাথে জমা দিতে হইবে। আগামী **মরসুমের ফল** পাড়া শেষ হওয়ার সাথে সাথে কর্তৃপক্ষকে গাছগুলির ভার বুঝাইয়া দিতে হইবে, অন্যথায় তাঁহার দরপত্র বাতিল এবং সিকিউরিটি ডিপোজিট বাজেয়াপ্ত করা হইবে।

**৮। ফল চুরি বা নষ্ট হইলে কর্তৃপক্ষ দায়ী থাকিবেন না। গাছের এবং বাগানের রক্ষনাবেক্ষনের দায়িত্ব মনোনীত দরপত্রকারীর উপর বর্তাইবে। দরপত্রকারী বাগানের রক্ষনাবেক্ষনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা কর্তৃপক্ষের অনুমতি নিয়া করিতে পারেন। গাছে কোন প্রকার রাসায়নিক** (Agricultural Chemical) Spray **করিবার পূর্বে, Head, Dept. of Fruits Science, F/Hort. -এর সহিত আলোচনা করিয়া লইতে হইবে এবং তাঁহার নির্দেশ অনুযায়ী এবং তাঁহার সম্মতি পাইবার পর গাছে** Spray **শুরু করিতে হইবে। বাগানের এবং গাছের যাহাতে কোন ক্ষতি না হয় সেইদিকে সদাসতর্ক থাকিতে হইবে। অন্যথায় ফেরৎ যোগ্য সিকিউরিটি ডিপোজিট হইতে ক্ষতিপূরণ আদায় করা হইবে / টেন্ডার বাতিল করিবার অধিকার কর্তৃপক্ষের থাকিবে।**

৯। ২০২০ সালের ফল পাড়া শেষ হইলে কর্তৃপক্ষকে বাগিচার ভার বুঝাইয়া দিতে হইবে এবং ছাড়ার পূর্বে বাগান সম্পূর্ণরূপে পরিষ্কার করিয়া দিতে হইবে। অন্যথায় উপযুক্ত ক্ষতিপূরণ আদায় করা হইবে / তাঁহার দরপত্র বাতিল এবং সিকিউরিটি ডিপোজিট বাজেয়াপ্ত করা হইবে।

১০। গবেষণার জন্য প্রয়োজনীয় গাছ ব্যবহার করা হইবে। দরপত্রকারী 'বোম্বাই' জাতের ৪০ টি লিচু গাছের মোট ৮০০টি ফল (গাছ প্রতি ২০টি ফল), বাকী ১৩ টি বিভিন্ন জাতের লিচু গাছের মোট ২৬০টি ফল (জাত প্রতি ২০ টি ফল) স্নাতকোত্তর ছাত্র/ছাত্রী/বিজ্ঞানী দের গবেষনার জন্য বিনামুল্যে সরবরাহ করিতে বাধ্য থাকিবেন। দরপত্রকারী উক্ত কাজের জন্য প্রয়োজনের অতিরিক্ত ফার্ম-ইন-চার্জ, মন্ডৌরী হর্টিকালচার ফার্ম- এর অনুমতি সাপেক্ষে সুলভমূল্যে উপযুক্ত সময়ে স্নাতকোত্তর ছাত্র/ছাত্রী/বিজ্ঞানীদের গবেষণার জন্য সরবরাহ করিতে বাধ্য থাকিবেন। গবেষণা করিবার জন্য চিহ্নিত করা গাছের ফল সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রী/বিজ্ঞানীর সহিত আলোচনা ব্যতিরেকে পাড়া (**Harvest**) যাইবে না। অন্যথায় ফেরৎ যোগ্য সিকিউরিটি ডিপোজিট হইতে ক্ষতিপূরণ আদায় করা হইবে / টেন্ডার বাতিল করিবার অধিকার কর্তৃপক্ষের

থাকিবে। উক্ত বাগানের গাছ, ডালপালা ইত্যাদির প্রাকৃতিক দুর্যোগ ব্যতীত অন্য কোন কারণে ক্ষতি হইলে, তাহার ভার টেন্ডার গ্রহীতার উপর বর্তাইবে। গবেষণার ক্ষতি হয় এমন কোন কাজ টেন্ডার গ্রহীতা / তাঁহার মনোনীত ব্যক্তি/ব্যক্তিগন করিতে পারিবেন না।

১১। দরপত্র **অধ্যক্ষ, উদ্যান বিজ্ঞান অনুষদ, বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়, পো:- কৃষি বিশ্ববিদ্যালয়, মোহনপুর, নদীয়া , পিন কোড নং - ৭৪১২৫২ এই ঠিকানায়, Registerd Post or Speed Post এ জমা দিতে হইবে। Registered Post or** Speed Post -এ আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর অফিসে নির্দিষ্ট তারিখ এবং সময়ের মধ্যে পৌছাইতে হইবে। ডাকবিভাগের কোনরূপ বিলম্বের জন্য কর্তৃপক্ষ দায়ী থাকিবেন না। আবেদনপত্র পাঠানোর সময় আবেদনকারীদের এ বিষয়টি মনে রাখিতে হইবে। এছাড়াও দরপত্র হর্টিকালচার ডিন অফিসে রক্ষিত ড্রপবক্সে নির্দিষ্ট তারিখ এবং সময়ের মধ্যে ফেলা যাইবে।

১২। সর্বোচ্চ মূল্য গ্রহন করিতে কর্তৃপক্ষ বাধ্য থাকিবেন না। যেকোন সময় কোনরূপ কারণ না দর্শাইয়া দরপত্র গ্রহণ / বাতিল করিবার সম্পূর্ণ অধিকার কর্তৃপক্ষের থাকিবে। যেকোন সময় কোন কারণ না দর্শাইয়া কর্তৃপক্ষ নিয়মাবলীর সংশোধন / পরিবর্তন / সংযোজন / পরিমার্জন করিতে পারেন।

১৩। কোনো জ্ঞাতব্য বিষয় থাকিলে সংশ্লিষ্ট ফার্ম অফিসে যোগাযোগ করিবার জন্য অনুরোধ করা হইতেছে।

১৪। মনোনীত ব্যক্তিকে **Lease Period**- এ ফার্ম কর্তৃপক্ষের সহিত নিয়মিত যোগাযোগ রাখিতে হইবে।

১৫। ফার্মের কোন যন্ত্রপাতি দেওয়া যাইবে না।

১৬। সর্বদা কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

১৭। উপরিউল্লিখিত নিয়মাবলী এবং এই বিষয়ে কর্তৃপক্ষের নির্দেশ লঙ্ঘন করিলে যেকোন সময় দরপত্রকারীর দরপত্র বাতিল করা হইতে পারে / ফেরতযোগ্য বায়নামূল্য বাজেয়াপ্ত করা হইতে পারে / উপযুক্ত ক্ষতিপূরণ আদায় করা হইতে পারে।

১৮। ক) মন্ডৌরী হর্টিকালচার ফার্মের দক্ষিণ দিকে **AICRP on Fruits**- এর যে লিচুবাগান (পান বোরজের কাছে) আছে, তার নির্দিষ্ট এবং চিহ্নিত করা ৩২ (বত্রিশ) টি গাছে কোন প্রকার রাসায়নিক স্প্রে করা চলিবে না। ঐ গাছগুলিতে গবেষণার জন্য সংশ্লিষ্ট বিজ্ঞানীরা প্রয়োজনীয় ব্যবস্থা লইবেন। ঐ গাছগুলিতে মনোনীত টেন্ডার গ্রহীতা ফল পাইবেন, তবে গবেষনার জন্য প্রত্যেকটি গাছ হইতে ২৫ (পঁচিশ) টি করে ফল বিনামূল্যে সংশ্লিষ্ট গবেষকদের উপযুক্ত সময়ে সরবরাহ করিতে হইবে। গবেষণার জন্য প্রয়োজনীয় ফল সংশ্লিষ্ট বিজ্ঞানীর অনুমতি ব্যতিরেকে পাড়া যাইবে না। গবেষণার জন্য প্রয়োজনীয় ফল বিভিন্ন সময়ে সংশ্লিষ্ট বিজ্ঞানী সংগ্রহ করিবেন। এই বাগানের নির্দিষ্ট করা ১৫ (পনের) টি গাছের প্রত্যেকটি হইতে ৫ (পাঁচ) টি করে ফল বিনামূল্যে সরবরাহ করিতে হইবে **(Pruning trial)**। এই বাগানের নির্দিষ্ট করা বারো (১২) টি গাছে কোনপ্রকার স্প্রে করা যাইবে না এবং ঐ গাছগুলির প্রত্যেকটি হইতে ৫ (পাঁচ) টি করে ফল সম্পূর্ণ পুষ্ট/পরিপক্ক হওয়ার পর সংশ্লিষ্ট বিজ্ঞানী বিনামূল্যে সংগ্রহ করিবেন।

খ) মন্ডৌরী হর্টিকালচার ফার্মের উত্তর দিকে **AICRP on Fruits**- এর যে লিচুবাগান আছে (নারকেল বাগানের কাছে), তার ৫০ (পঞ্চাশ) টি গাছ হইতে ৫ (পাঁচ) টি করে ফল (প্রত্যেকটি গাছ হইতে) গবেষণার জন্য বিনামূল্যে সংগ্রহ করা হইবে ফল সম্পূর্ণভাবে পুষ্ট/পরিপক্ক হওয়ার পর। গবেষণার জন্য প্রয়োজনীয় ফলগুলি সংশ্লিষ্ট বিজ্ঞানীদের অনুমতি ছাড়া পাড়া যাইবে না। ঐ বাগানের ফল পাড়ার সময় কোন প্রকার ডাল ভাঙা এবং ডালের কোনরূপ ক্ষতি করা চলিবে না। এ ব্যাপারে দরপত্রকারীকে / তাঁহার মনোনীত ব্যক্তিদের সদাসতর্ক থাকিতে হইবে, অন্যথায় কর্তৃপক্ষ উপযুক্ত ব্যবস্থা লইতে পারেন।

গ) মনোনীত দরপত্রকারীকে মন্ডৌরী হর্টিকালচার ফার্মের লিচুবাগানের নির্দিষ্ট করা ১২৪ (একশত চব্বিশ) টি গাছের প্রত্যেকটি হইতে ২৫ (পঁচিশ) টি করে ফল সংশ্লিষ্ট গবেষককে গবেষণার প্রয়োজনে তাঁহার নির্দেশ অনুযায়ী উপযুক্ত সময়ে সুলভমূল্যে সরবরাহ করিতে হইবে।

ঘ) উক্ত ফার্মের লিচুবাগানের যে অংশে **Organic nutrition experiment** চলিতেছে, তার ৫২ (বাহান্ন) টি গাছে কোন প্রকার **Chemical** (রাসায়নিক) স্প্রে করা চলিবে না। ঐ গাছগুলির জন্য প্রয়োজনীয় **Organic Pesticides** এবং **Bio control Agents** সংশ্লিষ্ট গবেষক মনোনীত দরপত্রকারীকে সরবরাহ করিবেন। মনোনীত দরপত্রকারী সংশ্লিষ্ট গবেষকের নির্দেশানুযায়ী সেইগুলি ঐ গাছগুলিতে ব্যবহার করিবেন।

ঙ) টেন্ডার গ্রহীতাকে মরসুমের প্রথম ফল পাড়িবার **(Harvest)** আনুমানিক তারিখ প্রথম ফল পাড়া শুরু করিবার পূর্বে কর্তৃপক্ষকে লিখিতভাবে জানাইতে হইবে।

১৯। ক) মন্ডৌরী হর্টিকালচার ফার্মের গেটের সন্নিকটে স্থিত *Planting cum High Density Planting of Litchi Experimental Block* –এ কীটদমন এবং জৈব-রাসায়নিক বিশ্লেষণ-এর দরুণ চিহ্নিত ১৭৬ টি লিচুগাছের মধ্যে ৩২ টি বোম্বাই জাতের লিচু গাছে কোনপ্রকার স্প্রে করা চলিবে না এবং প্রত্যেকটি গাছ থেকে ১৫টি করিয়া ফল সংশ্লিষ্ট বিজ্ঞানীদের বিনামূল্যে সরবরাহ করিতে হইবে সম্পূর্ণভাবে পুষ্ট/পরিপক্ক হওয়ার পর। মে মাসের চতুর্থ সপ্তাহের আগে ফল পাড়া যাইবে না।

খ) *Extending the Harvesting Period of Litchi* – এই নিরীক্ষণাধীনস্থ আরও ১২টি গাছে স্প্রে *(Spray)* করা চলিবে না। গবেষণার জন্য প্রত্যেকটি গাছ থেকে ১০টি করে ফল পাড়া হইবে, সম্পূর্ণভাবে পুষ্ট/পরিপক্ক হওয়ার পর।

গ) লিচুর *Pruning Trial* –এর জন্য ১৫টি গাছের প্রত্যেকটি হইতে ৫টি করিয়া ফল বিনামূল্যে সংগ্রহ করা হইবে।

ঘ) **Litchi Varietals Block** হইতে চারিত্রিক এবং জৈব-রাসায়নিক বিশ্লেষণের জন্য প্রত্যেকটি জাত হইতে ৮টি করিয়া লিচু ফল বিনামূল্যে দিতে হইবে।

২০) মন্ডৌরী হর্টিকালচার ফার্মের সুদূর পশ্চাতে স্থিত লিচুবাগানে *"Training Trial, Improving Bearing Potential of Litchi through Girdling of Branches and Drip Irrigation in Litchi"* –এই নিরীক্ষণগুলি চলিতেছে। ঐ বাগানের ৫০টি লিচু গাছ হইতে ৫টি করিয়া ফল বিনামূল্যে সংগ্রহ করা হইবে, পুষ্টি/পরিপক্কতা বিশ্লেষণের দরুণ।

২১) AICRP on Fruits এর অধিনে থাকা লিচু বাগানে ফল পাড়ার আগে Officer-In-Charge, AICRP on Fruits কে অবশ্যই জানাতে হবে।

**বিভাগীয় সর্বনিম্ন মূল্যঃ- ৩,৭৫,০০০/- (তিন লক্ষ পঁচাত্তর হাজার) টাকা মাত্র।**
**টেন্ডার ফর্ম বিক্রীর শেষ তারিখঃ- ১২-০২-২০২০ (বুধবার)**
**আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর অফিসে পৌঁছানোর শেষ তারিখ এবং সময়ঃ- ১৩-০২-২০২০ (বৃহস্পতিবার) বেলা ২টা**
**থামের উপরিভাগে দরপত্রকারীকে সংশ্লিষ্ট টেন্ডার নোটিশ নং উল্লেখ করিয়া দিতে হইবে**

তাং – ০৩-০২-২০২০
মোহনপুর

অধ্যক্ষ 03.02.2020
উদ্যানবিজ্ঞান অনুষদ
বি.সি.কে.ভি, মোহনপুর, নদীয়া
DEAN
Faculty of Horticulture
P.O.- Krishi Viswavidyalaya- 741252
Dist.- Nadia, West Bengal

Tender Notice No. F.Hort./304
Dated : 03-02-2020